



ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়: তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগে একটি স্থায়ী সহকারী অধ্যাপকের শূন্য পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দপ্তর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল: সহকারী অধ্যাপক: ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫)।

সহকারী অধ্যাপক পদের যোগ্যতা: প্রার্থীদের বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয় অথবা বিদেশের স্বীকৃতমানের বিশ্ববিদ্যালয় থেকে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং অথবা ফলিত পদার্থবিজ্ঞান, ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর অথবা সমমানের ডিগ্রিধারী থাকতে হবে। আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতায় স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে প্রথম শ্রেণি অথবা জিপিএ / সিজিপিএ এর ক্ষেত্রে স্কেল ৪.০০ এর মধ্যে ন্যূনতম ৩.৫০ এবং এসএসসি ও এইচএসসি পর্যায়ে প্রথম বিভাগ অথবা জিপিএ / সিজিপিএ এর ক্ষেত্রে স্কেল ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৪.২৫ থাকতে হবে। প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের শিক্ষকতা ও গবেষণার কাজে অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃতমানের জার্নালে কমপক্ষে ০৩(তিন) টি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। Power Engineering কোর্সে অধ্যয়ন ও গবেষণার অভিজ্ঞতা সম্পন্ন এবং পি-এইচ.ডি ডিগ্রীধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও অনুসঙ্গীক কর্মকান্ড পরিচালনায় অবদান অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। প্রত্যেক কপি দরখাস্তের সাথে প্রশংসাপত্র, মার্কসিট/গ্রেডসিট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২৭/০৯/২০২১ইং। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।